গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস হাউস,ঢাকা।
www.dch.gov.bd
Email: dch@nbr.gov.bd

স্মারক নং- ৫- কাস- ১২(১৫) ই-অকশান- ০২/২০২৫/ মূলনথি/২০২৫/ ১৬৫৪৮-৫৮ তারিখ: ০৬/১০/২০২৫ খ্রি.

**বিষয় : কাস্টমস হাউস, ঢাকা'র E-Auction No. ০২/২০২৫ এর আওতাভুক্ত দাবীদারবিহীন/বাজেয়াপ্তকৃত মালামালের নিলাম কার্যক্রম গ্রহণ।**

কাস্টমস হাউস ঢাকা'র অধীক্ষেত্রাধীন হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, রাষ্ট্রীয় গুদাম (১, ২, ৩) এবং ট্রানজিট মূল্যবান গুদাম এর (দাবীদারবিহীন/ব্যাজেয়াপ্তকৃত) মোবাইল ফোনসমূহ কাস্টমস আইন, ২০২৩ এর ধারা- ৯৪ এর ক্ষমতাবলে E-Auction এবং সিল্ড টেন্ডার এর মাধ্যমে বিক্রয়ের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

০২। নিলাম সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাদি নিম্নরূপ:

(ক) নিলাম নম্বর ও অনুষ্ঠানের তারিখ : E-Auction No. ০২/২০২৫, তারিখঃ ২৭/১০/২০২৫ খ্রি.।

(খ) সিডিউল ক্রয়ের তারিখ : ১২/১০ /২০২৫ হতে ২৬ /১০ /২০২৫ খ্রি.।

(গ) পণ্য প্রদর্শনের তারিখ : ১৫/১০/২০২৫ হতে ২০/ ১০ /২০২৫ খ্রি.। (সাপ্তাহিক সরকারি ছুটি ব্যতিত)

(ঘ) পত্রিকায় প্রকাশের তারিখ : ০৮/১০/২০২৫ খ্রি. [ দৈনিক আমার দেশ ও The New Age পত্রিকায় প্রকাশিত হবে ]।

(ঙ) সিডিউল জমাদানের তারিখ : ২৭/১০/২০২৫ খ্রি. বেলা ১৩.০০ ঘটিকা পর্যন্ত।

(চ) সিডিউল পাওয়া যাবে : কাস্টমস হাউস, ঢাকা; কাস্টমস হাউস, আইসিডি, কমলাপুর; সরকারি নিলামকারীর দপ্তর এবং জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে (www.bangladeshcustoms.gov.bd)।

(ছ) দরপত্র দাখিলের স্থান:
(i) সহকারী কমিশনার, নিলাম, কাস্টমস হাউস, ঢাকা।
(ii) ডেপুটি কমিশনার, কাস্টমস হাউস, আইসিডি, কমলাপুর, ঢাকা এর কার্যালয়।
(iii) ডেপুটি কমিশনার (সদর), কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা।
(iv) ডেপুটি কমিশনার (সদর) কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা।

০৩। যে সকল দরপত্রদাতা ডাকযোগে দরপত্র পাঠাবেন তাদের দরপত্র ও প্রয়োজনীয় কাগজপত্র E-Auction No. ০২/২০২৫ এর জন্য ২৭/১০/২০২৫ খ্রি. বেলা ১.০০ টার মধ্যে সহকারী কমিশনার (নিলাম), কাস্টমস হাউস, ঢাকা'র অফিস কক্ষে পৌঁছাতে হবে উক্ত সময়ের পর কোন দরপত্র পাওয়া গেলে তা বিবেচনায় নেয়া হবে না।]

০৪। E-Auction No. ০২/২০২৫ এর জন্য ২৭/১০/২০২৫ তারিখ, বেলা ৩.০০ টায় কাস্টমস হাউস, ঢাকায় উপস্থিত দরদাতাদের সামনে দরপত্র উন্মুক্ত করা হবে।

০৫। দরপত্রে উদ্ধৃত মূল্যের ১০% হারে আর্নেস্ট মানি সিল্ড টেন্ডারের দলিলাদির সাথে "DCH Commissioner Auction Fund-" কাস্টমস হাউস, ঢাকা'র অনুকূলে যে কোন তফসিলি ব্যাংক হতে পে-অর্ডার বা অন্য কোন যাচাইয়ের নেগোশিয়েবল ইন্সট্রুমেন্ট এর মাধ্যমে জমা দিতে হবে। যারা E-Auction পদ্ধতিতে নিলামে অংশ গ্রহণ করবেন তাদের জামানতের পে-অর্ডার এর স্ক্যান কপি E-Auction Software এ আপলোড করতে হবে এবং পে-অর্ডার এর হার্ডকপি ২৭/১০/২০২৫ খ্রি. তারিখ ১৩.০০ ঘটিকার মধ্যে সহকারী কমিশনার, নিলাম, কাস্টমস হাউস, ঢাকা বরাবর দাখিল করতে হবে। অসম্পূর্ণ দরপত্র কোন ক্রমেই গ্রহণযোগ্য বা বিবেচিত হবে না।

০৬। নিলামভুক্ত লটে যে কোন পণ্যের বিপরীতে মামলা/রিট/আপিল থাকলে তা যে কোন সময় বাতিল বলে গণ্য হবে।

০৭। নিলামের সংরক্ষিত দরমূল্য নিলামের ক্যাটালগে লট ভিত্তিক উল্লেখ করতে হবে।

০৮। কোন কারণ দর্শানো ব্যতীরেকেই যে কোন দরপত্র বাতিল/গ্রহণ করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

এ পরিপ্রেক্ষিতে, উক্ত তারিখের মধ্যে বিজ্ঞপ্তি প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে নির্দেশ দেয়া হলো। সিল্ড টেন্ডারের সিডিউল, আনুষঙ্গিক দলিলাদি, পত্রিকায় প্রকাশিত বিজ্ঞপ্তির কপি এবং ক্যাটালগ E-Auction No. ০২/২০২৫ এর জন্য আগামী ০৮/১০/২০২৫ তারিখের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর নিকট জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো।

০৬.১০.২৫
মোঃ রফিকুল ইসলাম
অ্যাসিস্ট্যান্ট কমিশনার (চ.দা.)
ও
সদস্য সচিব
জয়েন্ট কমিশনার ও নিলাম কমিটির সভাপতির পক্ষে
ফোন: ০২-৮৯০১৬৩৭
ই-মেইল: dch@nbr.gov.bd

স্বত্বাধিকারী:
মেসার্স কে এম কর্পোরেশন,
৩০৬ স্ট্যান্ডার্ড রোড, মাঝিরঘাট, চট্টগ্রাম।

CamScanner

স্মারক নং- ৫- কাস- ১২(১৫) ই-অকশান- ০২/২০২৫/ মূলনথি/২০২৫/ তারিখঃ /১০/২০২৫ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও পরবর্তী কার্যার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

০১। ডেপুটি/সহকারী কমিশনার, কাস্টম হাউস, আইসিডি, কমলাপুর, ঢাকা [পত্রে বর্ণিত দিন সমূহে দরপত্র দাতাগণ যাতে তাদের দরপত্র বাক্সে ফেলতে পারে, সে জন্য আপনার অফিস কক্ষে একটি টেন্ডার বাক্স রাখার জন্য সবিনয়ে অনুরোধ করা হলো ]।

০২। ডেপুটি/সহকারী কমিশনার (সদর), কাস্টম এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ) ও ঢাকা (উত্তর), ঢাকা [পত্রে বর্ণিত দিন সমূহে আপনার দপ্তর হতে দরপত্র দরদাতারা যাতে তাদের দরপত্র বাক্সে ফেলতে পারে, সে জন্য আপনার অফিস কক্ষে একটি টেন্ডার বাক্স রাখা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সবিনয়ে অনুরোধ করা হলো ]।

০৩। দ্বিতীয় সচিব (কাস্টমস গোয়েন্দা ও নিলাম), জাতীয় রাজস্ব বোর্ড, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা- ১২০৭। তাঁকে নিলাম দরপত্রের বিজ্ঞপ্তি জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে (www.nbr.gov.bd) প্রকাশের ব্যবস্থার অনুরোধসহ।

০৪। ডেপুটি/সহকারী কমিশনার, এয়ারফ্রেইট ইউনিট, কাস্টমস হাউস, ঢাকা।

০৫। ডেপুটি/সহকারী কমিশনার, কুরিয়ার ইউনিট,কাস্টমস হাউস, ঢাকা।

০৬। সহকারী প্রোগ্রামার, কাস্টমস হাউস, ঢাকা। তাঁকে নিলাম দরপত্রের বিজ্ঞপ্তিঃ এদপ্তরের ওয়েবসাইটে (www.dch.gov.bd) প্রকাশের ব্যবস্থার অনুরোধসহ।

০৭। উপ-মহাব্যবস্থাপক, পণ্য টার্মিনাল, কার্গো কমপ্লেক্স, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা। তাঁকে সরকারি নিলামকারী মেসার্স কে এম কর্পোরেশন, ৩০৬ স্ট্যান্ডার্ড রোড, মাঝিরঘাট, চট্টগ্রাম (মোবাইল নং- ০১৮২৩-৫৩০২২৫) এর সহযোগিতায় **E-Auction No.** ০২/২০২৫ এর ক্যাটালগভুক্ত পণ্যসমূহ ১৫/১০/২০২৫ হতে ২০/১০/২০২৫ খ্রি. তারিখে দরদাতাগণের নিকট প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৮। রাজস্ব কর্মকর্তা (নিলাম), কাস্টমস হাউজ, ঢাকা। তাঁকে ১২/১০/২০২৫ খ্রি. তারিখে অত্র দপ্তরের নিলামের টেন্ডার বাক্স কাস্টম এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা(উত্তর)/ঢাকা(দক্ষিণ) ও কাস্টমস হাউস, আইসিডি, কমলাপুর, ঢাকা এর অফিস কক্ষে পৌছানো এবং ২৭/১০ /২০২৫ খ্রি. তারিখে দরপত্র খোলার দিন কাস্টমস হাউজে টেন্ডার বাক্স আনার সার্বক্ষণিক তদারকি ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো]।

০৯। আনসার, প্লাটুন কমান্ডার, কাস্টমস হাউস, ঢাকা। তাঁকে নিলামের বাক্স ও অফিসের নিরাপত্তার জন্য উল্লিখিত দিনগুলোতে দুইজন আনসার আগ্নেয়াস্ত্রসহ উপস্থিত রাখার জন্য অনুরোধ করা হলো।

১০। যানবাহন কর্মকর্তা, কাস্টমস হাউস, ঢাকা। তাঁকে আগামী ১২/১০/২০২৫ এবং ২৭/১০/২০২৫ খ্রি. তারিখে টেন্ডার বাক্স আনা-নেয়ার কাজে পর্যাপ্ত সংখ্যক গাড়ীর ব্যবস্থা রাখার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১১। জনাব মোঃ আবুল হোসেন, সহকারী রাজস্ব কর্মকর্তা, নিলাম, কাস্টমস হাউস, ঢাকা। তাঁকে মেসার্স কে এম কর্পোরেশন, সরকারি নিলামকারী এর সহযোগিতায় আগামী ১২/১০/২০২৫ এবং ২৭/১০/২০২৫ খ্রি. তারিখে টেন্ডার বাক্সগুলো এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ) ও কাস্টমস হাউস, আইসিডি, কমলাপুর কার্যালয়ে টেন্ডার বাক্স স্থাপন ও আনয়নের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১২। জনাব দেলোয়ার হোসেন, সহকারী রাজস্ব কর্মকর্তা, (নিলাম শাখা), কাস্টমস হাউজ, ঢাকা। তাঁকে মেসাস কে এম কর্পোরেশন , সরকারি নিলামকারী এর সহযোগিতায় আগামী ১২/১০/২০২৫ এবং ২৭/১০/২০২৫ খ্রি. তারিখে ঢাকা (উত্তর) কমিশনারেটে টেন্ডার বাক্সটি স্থাপন ও আনয়নের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো]।

১৩। গুদাম কর্মকর্তা, রাষ্ট্রীয় গুদাম- ১,২,৩। তাঁকে সরকারি মেসার্স কে এম কর্পোরেশন, (মোবাইল নং-০১৮২৩-৫৩০২২৫) এর সহযোগিতায় **E-Auction No.** ০২/২০২৫ এর ক্যাটালগভুক্ত পণ্যসমূহ আগামী ১৫/১০/২০২৫ হতে ২০/১০/২০২৫ খ্রি. তারিখে দরদাতাগণের নিকট পরিদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৪। পিএ টু কমিশনার, কাস্টমস হাউস, ঢাকা (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১৫। পিএ টু অতিরিক্ত কমিশনার, কাস্টমস হাউস, ঢাকা (অতিরিক্ত কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১৬। নোটিশ বোর্ড, কাস্টমস হাউস, ঢাকা।

মোঃ রফিকুল ইসলাম
অ্যাসিস্ট্যান্ট কমিশনার (চ.দা.)

CS CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস হাউস,ঢাকা।
www.dch.gov.bd
Email: dch@nbr.gov.bd

**নিলাম দরপত্রের বিজ্ঞপ্তি:**

**(E-Auction No.02/2025)**

কমিশনার অব কাস্টমস, কাস্টমস হাউস, ঢাকা'র নির্দেশক্রমে বিভিন্ন ব্র্যান্ডের মোবাইল (BTRC এর পূর্ব অনুমতি গ্রহণকৃত) যেখানে যে অবস্থায় আছে সে ভিত্তিতে নিলামে বিক্রয়ের লক্ষ্যে আগ্রহী নিলাম ক্রেতাদের নিকট থেকে অনলাইনে (E-Auction) এবং প্রচলিত পদ্ধতিতে সরাসরি দরপত্র আহ্বান করা হচ্ছে।

০২। আগ্রহী দরদাতাগণ আগামী ১২/১০/২০২৫ খ্রি. তারিখ থেকে ২৭/১০/২০২৫ খ্রি. তারিখ বেলা ১৩.০০ ঘটিকা পর্যন্ত জাতীয় রাজস্ব বোর্ড এর ওয়েবসাইটে (www.nbr.gov.bd) এবং কাস্টমস হাউস ঢাকা'র ওয়েবসাইটে (www.dch.gov.bd) প্রদর্শিত E-Auction লিংকে প্রবেশ করে দরপত্র দাখিল করতে পারবেন।

০৩। এছাড়া E-Auction এর পাশাপাশি আগ্রহী দরদাতাগণ আগামী ১২/১০/২০২৫ খ্রি. তারিখ সকাল ০৯.০০ টা থেকে ২৭/১০/২০২৫ খ্রি. তারিখ বেলা ১৩.০০ ঘটিকা পর্যন্ত (ক) সহকারী কমিশনার (নিলাম), কাস্টমস হাউস, ঢাকা (খ) ডেপুটি কমিশনার (নিলাম), কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর) (গ) ডেপুটি কমিশনার (নিলাম) কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ) (ঘ) ডেপুটি কমিশনার (নিলাম), কাস্টমস হাউস, আইসিডি, কমলাপুর, ঢাকার অফিস কক্ষে রক্ষিত টেন্ডার বক্সে দরপত্র দাখিল করা যাবে। তবে, যারা E-Auction এর লিংকে দরপত্র দাখিল করবেন তাদের টেন্ডার বাক্সে দরপত্র দাখিল করার প্রয়োজন নেই এবং যারা টেন্ডার বক্সে দরপত্র দাখিল করবেন তাদের E-Auction এর লিংকে দরপত্র দাখিল করার প্রয়োজন নেই।

০৪। E-Auction সফটওয়্যারে নিবন্ধন করতে বা দরপত্র দাখিলের ক্ষেত্রে কোন দরদাতা কোন প্রকার সমস্যার সম্মুখীন হলে তাদেরকে কাস্টমস হাউসের নিলাম শাখার হেল্প লাইনে (জনাব মোঃ আবুল হোসেন, সহকারী রাজস্ব কর্মকর্তা, মোবাইল নম্বর-০১৭১৮-১১৯১৪১, জনাব মোঃ আব্দুল মোমিন, প্রোগ্রামার, মোবাইল নম্বর-০১৫২১-১০৮৯৩৯) যোগাযোগ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

০৫। E-Auction No.02/2025 এর ক্যাটালগ ও দরপত্র উক্ত ওয়েবসাইট হতে অথবা সরকারি নিলামকারী সরকারি নিলামকারীর দপ্তর মেসার্স কে এম কর্পোরেশন, ৩০৬ স্ট্যান্ডার্ড রোড, মাঝিরঘাট, চট্টগ্রাম, কার্যালয় হতে সংগ্রহ করা যাবে। ক্যাটালগে বর্ণিত মোবাইল আগামী ১৫/১০/২০২৫ খ্রি. তারিখ থেকে ২০/১০/২০২৫ খ্রি. তারিখে (সরকারি ছুটির দিন ব্যতিত) অফিস চলাকালীন সরেজমিনে পরিদর্শন করা যাবে। উল্লেখ্য, প্রত্যেক নিলাম ক্রেতাকে জাতীয় রাজস্ব বোর্ডের নিলাম সংক্রান্ত স্থায়ী আদেশ-৯১/কাস্টমস/২০২৫, তারিখ: ০২.০৭.২০২৫ খ্রি. এর সকল শর্ত পরিপালন করতে হবে।

০৬। দরপত্রের সাথে উদ্ধৃত মূল্যের ১০% জামানত পৃথকভাবে DCH Commissioner Auction Fund" কাস্টম হাউস, ঢাকার অনুকূলে যে কোন তফসিলি ব্যাংক হতে পে-অর্ডার এর মাধ্যমে জমা দিতে হবে । দরদাতার যোগ্যতা নিম্নরূপ ঃ-
ক) দরদাতা প্রতিষ্ঠানের ক্ষেত্রে ঃ প্রতিটি দরপত্রের সাথে হালনাগাদ ট্রেড লাইসেন্স, মূসক নিবন্ধন, টি. আই. এন সনদপত্র ও হালনাগাদ আয়কর রিটার্ন এর প্রত্যয়নপত্র ;
খ) ব্যক্তির ক্ষেত্রে ঃ জাতীয় পরিচয়পত্র, টি. আই. এন সনদ ও হালনাগাদ আয়কর রিটার্ন দাখিলের প্রত্যয়নপত্র ক্রয়কৃত সিডিউলের সাথে জমা দিতে হবে। অসম্পূর্ণ দরপত্র/পে-অর্ডার/ব্যাংক ড্রাফট কোন ক্রমেই গ্রহণযোগ্য/বিবেচিত হবে না।

০৭। যারা E-Auction পদ্ধতিতে নিলামে অংশগ্রহণ করবেন তাদের জামানতের পে-অর্ডার এর হার্ডকপি ২৭/১০/২০২৫ খ্রি. তারিখের মধ্যে সহকারী কমিশনার (নিলাম), কাস্টমস হাউস, ঢাকা বরাবর দাখিল করতে হবে।

০৮। ২৭/১০/২০২৫ খ্রি.তারিখ বেলা ৩.০০ ঘটিকায় উপস্থিত দরদাতাদের সম্মুখে টেন্ডার বক্স উন্মুক্ত করা হবে। অনুমোদিত দরদাতাকে দরপত্রে উল্লিখিত মূল্যের অতিরিক্ত হিসাবে সরকার কর্তৃক নির্ধারিত হারে আয়কর ও মূল্য সংযোজন কর ট্রেজারী চালানের মাধ্যমে পরিশোধ করতে হবে। নিলাম বাবদ উল্লিখিত সমুদয় অর্থ নির্ধারিত সময়ে জমা প্রদানে ব্যর্থ হলে জামানতের অর্থ বাজেয়াপ্ত করা হবে। কর্তৃপক্ষ যুক্তিসঙ্গত কারণে নিলাম অনুষ্ঠিত হওয়ার সর্বোচ্চ ০২ (দুই) দিন পূর্বে ক্যাটালগে কোন লট সংশোধন বা সংযোজন বা ক্যাটালগ হতে প্রত্যাহার করার অধিকার সংরক্ষণ করেন।

০১.১০.২৫

মোঃ রফিকুল ইসলাম
অ্যাসিস্ট্যান্ট কমিশনার (চ:দা:)
জয়েন্ট কমিশনার ও নিলাম কমিটির সভাপতির পক্ষে
কাস্টম হাউস, ঢাকা।

CamScanner